

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (এইচ এস পি)  
সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা  
director.hsp.schedp@gmail.com

স্মারক নং: এসইডিপি/এইচএসপি/অ্যাকসেস/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/২০

তারিখ: ২৬ ডিসেম্বর ২০১৯ খ্রি:

বিষয়: SEDP'র অধীনে সমাপ্ত সেকায়েপডুক্ত ২৫০ উপজেলায় ২০১৯ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির উপবৃত্তির সুবিধাভোগী শিক্ষার্থীদের তথ্য প্রেরণ সংক্রান্ত।

সূত্র: এসইডিপি/ পিসিইউ/ অ্যাকসেস/ উপবৃত্তি/মাপযোগ/০১/২০১৮/২৪, তারিখ: ৩০/০৯/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সমাপ্ত সেকায়েপডুক্ত ২৫০ উপজেলায় ২০১৯ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির উপবৃত্তির সুবিধাভোগী শিক্ষার্থী নির্বাচনের জন্য এসইডিপি এর পিসিইউ হতে ৩০/০৯/২০১৯ খ্রি. তারিখে একটি নির্দেশনা পত্র জারি করা হয়। উক্ত নির্দেশনা পত্রের আলোকে ২০১৯ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির অতি দরিদ্র শিক্ষার্থী নির্বাচন এবং নির্বাচিত সুবিধাভোগী শিক্ষার্থীদের তথ্য নির্ধারিত তথ্য ছকে (Excel Sheet) উপজেলা থেকে অফিসিয়াল ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

০২। উল্লিখিত পত্রের প্রেক্ষিতে উপজেলা থেকে চাহিত তথ্য প্রেরণের কাজ চলমান রয়েছে। কিন্তু শিক্ষার্থীদের পিইসি/এবতেদায়ী পরীক্ষার ফলাফল যাচাই করণের জন্য উক্ত তথ্য ছকে (Excel Sheet) পিইসি/এবতেদায়ী পরীক্ষার্থী সংক্রান্ত তথ্য সন্নিবেশ করা প্রয়োজন। এ লক্ষ্যে একটি সংশোধিত তথ্য ছক (Excel Sheet) প্রস্তুত করা হয়েছে। উল্লেখ্য, যে সমস্ত উপজেলা হতে ইতোমধ্যে পূর্বের প্রেরিত তথ্য ছকে তথ্য প্রেরণ করা হয়েছে তাদেরকে পুনরায় সংশোধিত তথ্য ছকে (Excel Sheet) -এ তথ্য প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।


০৩। সমাপ্ত সেকায়েপডুক্ত ২৫০ উপজেলায় ২০১৯ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির উপবৃত্তির সুবিধাভোগী শিক্ষার্থী নির্বাচনের ক্ষেত্রে পূর্ব প্রেরিত সূত্রোক্ত নির্দেশনাবলী সম্পূর্ণরূপে অনুসরণ করতে হবে। উল্লেখ্য, প্রতিষ্ঠানভিত্তিক শিক্ষার্থী নির্বাচনের অনুমোদিত আনুপাতিক হার অনুসরণ করা একান্ত আবশ্যিক। এ ব্যাপারে কোন ব্যত্যয় হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা দায়ী থাকবেন।

০৪। বর্ণিতাবস্থায়, সমাপ্ত সেকায়েপডুক্ত ২৫০ উপজেলায় ২০১৯ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে উপবৃত্তির সুবিধাভোগী শিক্ষার্থী নির্বাচন পূর্বক সংশোধিত তথ্য ছকে (Excel Sheet) আগামী ২৯/১২/২০১৯ খ্রি: তারিখের মধ্যে ই-মেইল: director.hsp.schedp@gmail.com / sedp.seqaepstipend@gmail.com এ তথ্য (সফট কপি) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। সংশোধিত তথ্য ছক (Excel Sheet)

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা

উপজেলা: ..... জেলা: .....



(শ্রীফ মোর্তজা মামুন)

স্কিম পরিচালক

সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (এইচ এস পি)

ফোন: ৯৫৫ ৩৫৪২

সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২. সচিব, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৪. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৫. জেলা প্রশাসক, জেলা: .....
৬. জেলা শিক্ষা অফিসার, জেলা: .....
৭. উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা: ..... জেলা: .....
৮. প্রধান শিক্ষক/সুপার (সকল)
৯. সিস্টেম এনালিস্ট, মাউশি অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (মাউশি: ওয়েবসাইটে এ বিষয়ক নির্দেশনা – পত্র প্রদর্শনের অনুরোধসহ)
১০. সংরক্ষণ কপি।

Student's Information Form

Sl.	Division	District	Upazila	School EINN	School Name	Student's Name	Father's/Guardian's Name	Class 2019	PEC/Ebtedayee Roll No	Result (GPA)	Exam Year	Remarks

↓